

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 03.09.2024

Time: 7.50 P.M

বিশেষ বিশেষ খবর –

১/ SSC, উচ্চ প্রাথমিকে শূণ্যপদে নিয়োগের জন্য কাউন্সিলিং প্রক্রিয়া আজ শুরু করেছে।

২/ RG Kar হাসপাতালে আর্থিক দুর্নীতি মামলায় সন্দীপ ঘোষ ঘনিষ্ঠ ডাক্তার আশিস পাণ্ডেকে গ্রেপ্তার করেছে সি বি আই।

পুজোর মুখে সবজি, মাছ সহ নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম নিয়ন্ত্রণে রাখতে রাজ্য সরকার আগামীকাল বৈঠকে বসছে।

৩/ দেবীপক্ষের সূচনায় মুখ্যমন্ত্রী আজ বেশ কয়েকটি পুজোর উদ্বোধন করছেন। # রাজ্যপাল আগামীকাল পূর্ব মেদিনীপুর যাচ্ছেন।

৪/ উৎসবের মরশুমে পথ দুর্ঘটনা কমাতে রাজ্য সরকার বিশেষ সতর্কতা নিচ্ছে।

৫/ দক্ষিণ শহরতলীর বাঁশদ্রোণীতে পে লোডারের ধাক্কায় নবম শ্রেণীর এক ছাত্রের মৃত্যুর ঘটনায় রাজনৈতিক চাপান-উতোর অব্যাহত।

এই ঘটনায় ধৃত বিজেপি নেত্রী রূপা গাঙ্গুলী জামিন পেয়েছেন।

৬/ বঙ্গোপসাগরে নতুন করে নিম্নচাপের জেরে পুজোর মুখে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

রাজ্য স্কুল সার্ভিস কমিশন-SSC, উচ্চ প্রাথমিকে শূন্য পদে নিয়োগের জন্যে প্রার্থীদের কাউন্সেলিং প্রক্রিয়া আজ শুরু করেছে। বিজ্ঞপ্তি অনুযায়ী পুজোর আগে আজকের পর আগামীকালও কাউন্সেলিং হবে। এর পরে দ্বিতীয় পর্যায়ে আবার ২৪ অক্টোবর থেকে এই কাউন্সেলিং শুরু হবে। বিধাননগরে কমিশনের অফিসে সকাল সাড়ে দশটা থেকে তা চলবে।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে এস এস সি গত বুধবার ২০১৬ সালের পরীক্ষায় উত্তীর্ণ ১৪ হাজার ৫২ জনের নামের তালিকা প্রকাশ করে। নির্দেশ অনুসারেই আগামী চার সপ্তাহের মধ্যে নিয়োগ প্রক্রিয়া শেষ করা হবে বলে কমিশনের তরফে ইতিমধ্যেই জানানো হয়েছে।

রাজ্য স্কুল সার্ভিস কমিশন-SSC, উচ্চ প্রাথমিকে শূন্য পদে নিয়োগের জন্যে প্রার্থীদের কাউন্সেলিং প্রক্রিয়া আজ শুরু করেছে। বিজ্ঞপ্তি অনুযায়ী পুজোর আগে আজ ও আগামীকাল এই দুদিন কাউন্সেলিং হবে। এর পরে দ্বিতীয় পর্যায়ে আবার ২৪ অক্টোবর থেকে এই কাউন্সেলিং শুরু হবে। বিধাননগরে কমিশনের অফিসে সকাল সাড়ে দশটা থেকে তা চলবে।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে এস এস সি গত বুধবার ২০১৬ সালের পরীক্ষায় উত্তীর্ণ ১৪ হাজার ৫২ জনের নামের তালিকা প্রকাশ করে। নির্দেশ অনুসারেই আগামী চার সপ্তাহের মধ্যে নিয়োগ প্রক্রিয়া শেষ করা হবে বলে কমিশনের তরফে ইতিমধ্যেই জানানো হয়েছে।

পুজোর মুখে সবজি, মাছ সহ নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম উর্ধ্বমুখী হওয়ায় তা নিয়ন্ত্রনে এনে সাধারণের নাগালের মধ্যে রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে রাজ্য সরকার আগামীকালও একবার বৈঠকে বসতে চলেছে। মুখ্যসচিব মনোজ পন্থ-এর পৌরহিত্যে নবান্নে এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে সব জেলার জেলাশাসক,

পুলিশ সুপার, এনফোর্সমেন্ট ব্রাঞ্চ, টাস্ক ফোর্স ও বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিদের নির্দেশ দেওয়া হয়েছে।

দুর্গাপূজা ও দীপাবলীর আগে পরিবেশবান্ধব বাজি উৎপাদন ও বিক্রির কাজের গতি আনতে রাজ্য সরকার আগামী শনিবার বৈঠকে বসছে। মুখ্য সচিব মনোজ পন্তের পৌরহিত্যে এই উচ্চপর্যায়ের বৈঠকে দমকল, পরিবেশ, শ্রম দফতরের সচিব, রাজ্য পুলিশের ডিজি, কলকাতার পুলিশ কমিশনার এবং পুর কমিশনার উপস্থিত থাকবেন। ভার্চুয়ালি যোগ দেবেন সব জেলার জেলাশাসক ও পুলিশ কমিশনাররা।

আসন্ন শারদীয়া উৎসবের আগে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ শহরের বেশ কিছু পূজোর উদ্বোধন করেছেন।

বিকালে তিনি প্রথমে উত্তর কলকাতার টালা প্রত্যয় ক্লাবের পূজোর উদ্বোধন করে ঠাকুরের কাছে দুর্যোগ কাটিয়ে দেওয়ার আবেদন জানান। এরপরে তিনি আলিপুর সর্বজনীন-এর উদ্বোধন করেন। এছাড়াও তাঁর খিদিরপুর ৭৪ পল্লী, বেহালা নতুন দল, অজেয় সংহতি, কালীঘাট মিলন সংঘ সহ মোট ১৫টি পূজোর তিনি আজ উদ্বোধন করেন।

দুর্গাপূজোর উদ্বোধনে রাজ্যপাল সিভি আনন্দ বোস আগামীকাল পূর্ব মেদিনীপুর যাচ্ছেন। কলকাতা থেকে আকাশপথে দীঘায় পৌঁছবেন তিনি। এরপরে সেখান থেকে যাবেন কাঁথিতে। সেখানে তার নান্দনিক ক্লাবের পূজোর উদ্বোধন করার কথা রয়েছে বলে রাজভবন সূত্রে জানা গিয়েছে।

নদীয়ার কৃষ্ণনগর রাজবাড়িতে আজ প্রতিপদে প্রাচীন রীতি মেনে জ্বলে ওঠে হোমকুণ্ড। সূচনা হয় পুজোর। নবমী পর্যন্ত সর্বক্ষণ প্রজ্বলিত থাকবে হোমকুণ্ড। পঙ্খ অলংকৃত বিরাট দুর্গা মন্ডপে এজন্য বিশেষ পূজাপাটের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন কৃষ্ণনগর রাজবংশের গৃহবধূ অমৃতা রায় সহ অন্যরা।

এদিকে, বর্ধমানের অধিষ্ঠাত্রী দেবী সর্বমঙ্গলা মায়ের ঘটোত্তলনের মধ্য দিয়ে আজ পূর্ব বর্ধমান জেলায় শারদ উৎসবের সূচনা হয়েছে। অমাবস্যার পর দেবীপক্ষের সূচনায় প্রতিপদ তিথিতে রীতি ও আচার মেনে ঘোড়ার টানা রথে শোভাযাত্রাসহ রাজ আমলে প্রতিষ্ঠিত কৃষ্ণসায়র থেকে জল ভর্তি রূপোর ঘট এনে তা মন্দিরে স্থাপন করা হয়। আজ থেকে নবমী পর্যন্ত পূজো পাঠ চলবে। দশমীতে ঘট বিসর্জন।

হাওড়ার রাণিহাটিতে ১৬ নম্বর জাতীয় সড়ক পার্শ্ববর্তী নাবঘড়া দুর্গোৎসব কমিটির পুজো প্যাণ্ডেলে রাতের অন্ধকারে একটি ট্রেলার ঢুকে পড়লে মন্ডপটি ক্ষতিগ্রস্ত হয়েছে।

পুলিশ জানিয়েছে, স্টোনচিপ বোঝাই ওই ট্রেলারটি গতরাতে রাণিহাটি মোড় থেকে কোলাঘাটের দিকে যাচ্ছিল। আচমকাই সেটি পুজো প্যাণ্ডেলের ভেতর ঢুকে পড়ে। ঘটনায় কেউ হতাহত না হলেও, এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। উদ্যোক্তারা জানিয়েছেন, চতুর্থীর দিন পুজোর উদ্বোধন হওয়ার কথা। তার আগে মন্ডপটি ক্ষতিগ্রস্ত হওয়ায় তাঁরা সমস্যায় পড়লেন।

পূর্ব বর্ধমানের দেওয়ানদিঘি থানার দাসপুরে পুজোয় নতুন জামাকাপড় কিনে না দেওয়ায় অভিমানে স্ত্রী আত্মঘাতী হয়েছেন। পরিবার সূত্রে জানা গেছে, পেশায় মার্বেল মিস্ত্রি বিশ্বমাবির কাছে পুজোয় নতুন জামাকাপড় কিনে দেওয়া নিয়ে বছর ১৮র স্ত্রী গৌরীর অশান্তি হয়। এরপরই ঘর থেকে বুলন্ত অবস্থায় উদ্ধার করা হয় গৌরীকে। তাঁদের একটি সন্তান রয়েছে।

উৎসবের মরসুমে পথ দুর্ঘটনার আশঙ্কা কমাতে রাজ্য সরকার বিশেষ সতর্কতা নিচ্ছে। কলকাতা ও বিধাননগর কমিশনরাটের পাশাপাশি সমস্ত জেলা প্রশাসনকে এজন্য বিশেষভাবে সতর্কতা অবলম্বনের নির্দেশ দেওয়া হয়েছে। সেফ ড্রাইভ সেফ লাইফ কর্মসূচির আওতায় গাড়ি চালক ও পথচারীদের মধ্যে সচেতনতা প্রচার করতে বলা হয়েছে। দু'চাকার গাড়িতে দুজনের বেশি ভ্রমণ, বিনা হেলমেটের যাত্রা এবং মদ্যপ অবস্থায় গাড়ি চালানো আটকাতেও পুলিশকে বিশেষ ভাবে তৎপর হতে বলা হয়েছে। বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তার দুর্ঘটনাগ্রবণ এলাকা বা ব্ল্যাকস্পটগুলিকে চিহ্নিত করে সেখানে আলাদা করে নজরদারি করতে বলা হয়েছে। মুখ্যসচিব মনোজ পণ্ড সম্প্রতি পথ নিরাপত্তা নিয়ে পুলিশ ও পরিবহণ দফতরের সঙ্গে বৈঠক করেন। সেখানেই তিনি দুর্ঘটনা আটকাতে একগুচ্ছ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

দক্ষিণ শহরতলীর বাঁশদ্রোণীতে পে লোডারের ধাক্কায় নবম শ্রেণীর এক ছাত্রের মৃত্যুর ঘটনায় রাজনৈতিক চাপান- উত্তোর অব্যাহত। এই ঘটনায় চালককে গ্রেপ্তার ও গ্রেপ্তার বিজেপি কর্মীদের মুক্তির দাবীতে বাঁশদ্রোণী থানার সামনে ধর্না দেওয়ায় ধৃত বিজেপি নেত্রী রূপা গাঙ্গুলী জামিন পেয়েছেন। তাঁকে আজ আলিপুর আদালতে তোলা হলে এক হাজার টাকার বন্ডে মুক্তি দেওয়া হয়।

আগেই জানানো হয়েছে, ওই ঘটনায় গতকাল এলাকায় তীব্র উত্তেজনা দেখা দেয়। পুলিশ ঘটনাস্থলে গেলে স্থানীয় বাসিন্দারা তাদের ঘিরে তুমুল বিক্ষোভ দেখায়। গ্রেপ্তার করা হয় বিজেপি নেত্রী রুবি মন্ডল সহ কয়েকজন দলীয় কর্মীকে। রূপা রাতেই থানার সামনে ধর্না-অবস্থানে বসেন। আজ সকালে তাঁকে গ্রেপ্তার করে লালবাজারে নিয়ে যাওয়া হয়।

কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মা জানিয়েছেন, থানার কাজে ব্যাঘাত ঘটানোয় রূপা গাঙ্গুলীর বিরুদ্ধে আইনি পদক্ষেপ করতে হয়।

বিজেপি, বাঁশদ্রোণীর ঘটনায় দলীয় কর্মীদের গ্রেপ্তারের তীব্র সমালোচনা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপে এক অনুষ্ঠানে এই গ্রেপ্তারকে ‘অগণতান্ত্রিক’ আখ্যা দেন। এলাকার মানুষ যেভাবে অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন, তাকে সাধুবাদ জানান তিনি। (বাইট- শুভেন্দু)

CPIM-ও, ছাত্র মৃত্যুর ঘটনায় রাজ্য সরকার কেন চুপ, সেই নিয়ে প্রশ্ন তুলেছে। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন- (বাইট- সুজন)

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, ওই ছাত্র মৃত্যু ঘটনাকে ‘মর্মান্তিক’ হিসেবে অভিহিত করে বলেছেন, রাজ্যের সর্বত্রই রাস্তাঘাট বেহাল। তার জন্য পুজোর আগে যেভাবে এক কিশোরের প্রাণ চলে গেলো, তাতে উৎসবের সার্থকতা কি, সে প্রশ্নও তোলেন তিনি।

পঞ্চম শ্রেণীর এক ছাত্রের মৃত্যুতে পূর্ব বর্ধমানের কাটোয়ায় একটি স্কুলে তীব্র উত্তেজনা ছড়ায়। জানা গেছে, কোশিগ্রাম ইউনিয়ন ইনস্টিটিউশনের বছর বারোর ইন্ড্রজিৎ মাঝিকে গত মঙ্গলবার স্কুলে কিছু কামড়ায়। বিষয়টি স্কুলে জানালে কর্তৃপক্ষ ক্ষতস্থানে অ্যান্টিসেপটিক লোশন লাগিয়ে দেয়। বিকেলে বাড়ি ফিরে টিউশন পড়তে গিয়ে সে অসুস্থ হয়ে পড়ে। কাটোয়া হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক ইন্ড্রজিতকে মৃত ঘোষণা করেন। পরিবারের অভিযোগ, স্কুলে সাপের কামড়ে তার মৃত্যু হয়েছে। এরপরই স্কুলের বিরুদ্ধে ক্ষোভে ফেটে পড়েন স্থানীয় বাসিন্দারা। গতকাল ছুটি থাকায় আজ মৃতের পরিবার, ছাত্র-ছাত্রী, অভিভাবক এবং গ্রামবাসীরা স্কুলে গিয়ে তুমুল বিক্ষোভ দেখায়। ইন্ড্রজিত বারবার বলা সত্ত্বেও কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা নেয়নি বলে অভিযোগ। স্কুলের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ তুলে প্রধান শিক্ষককে পুলিশ আটক করেছে।

উত্তর ২৪ পরগণার নিমতায় স্ত্রীর হাতে স্বামী খুনের ঘটনায় আজ তুমুল উত্তেজনা ছড়ায়। সূর্য আলি নামে মৃত ব্যক্তির দেহ আটকে রেখে তুমুল বিক্ষোভ দেখান

স্থানীয় বাসিন্দারা। পরে পুলিশ স্ত্রী সায়মা বিবি ও তাঁর ছেলেকে আটক করে। এই দুজন মিলেই সূর্যকে খুন করে বলে অভিযোগ। পারিবারিক অশান্তি, নাকি অন্য কোনো কারণে এই ঘটনা, পুলিশ তা' খতিয়ে দেখছে।

এই মাত্র জানা গেলো, RG Kar হাসপাতালে আর্থিক দুর্নীতি মামলায় আজ প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ঘনিষ্ঠ TMCP নেতা ডাক্তার আশিস পাণ্ডেকে গ্রেপ্তার করেছে সি বি আই।

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার ডাকে আশিস পাণ্ডে আজ হাজিরা দেন। বেশ কিছুক্ষণ ধ'রে জিজ্ঞাসাবাদের পর তাঁকে গ্রেপ্তার করা হয়।

রাজ্যের প্রাক্তন শিক্ষা উপঅধিকর্তা দিব্যগোপাল ঘটক সম্পাদিত শিক্ষক থেকে মুখ্যমন্ত্রী এক অনন্য যাত্রা বুদ্ধদেব ভট্টাচার্য ও রতনচন্দ্র গুড়িয়া সম্পাদিত বাংলার মিলটন মাইকেল মধুসূদন দত্ত এবং তাঁর সাহিত্য সম্ভার, বই দুটি আজ প্রকাশিত হয় কলকাতার মহাবোধি সোসাইটি হলে। প্রকাশ করেন রাজ্যের প্রাক্তন পঞ্চায়েত মন্ত্রী ও সিপিআইএম পলিটবুরো সদস্য সূর্যকান্ত মিশ্র।

অনুষ্ঠানে, দিব্যগোপালবাবু বলেন, বুদ্ধবাবুর মৃত্যুর পর এত অল্প সময়ে বইটি প্রকাশিত হলেও আগামী দিনের গবেষকদের কাছে এটি মূল্যবান তথ্য দিতে সহায়তা করবে।

(বাইট- দিব্য গোপাল ঘটক)

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের প্রাক্তন সচিব অধ্যাপক সুদিন চট্টোপাধ্যায় ও অন্যরা।

বঙ্গোপসাগরে নতুন করে নিম্নচাপের জেরে পুজোর মুখে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। বাংলাদেশের ওপর সৃষ্ট একটি ঘূর্ণাবর্ত আগামীকাল শক্তি

বাড়িয়ে নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। এর জেরে দুই ২৪ পরগণায় আগামীকাল ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। কলকাতা সহ দক্ষিণ বঙ্গের অন্য জেলায় বিক্ষিপ্ত বৃষ্টি হবে। উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত গভীর সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

উত্তরবঙ্গেও দার্জিলিং ও কালিম্পং-এ ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। পাহাড়ে বৃষ্টির জেরে বিভিন্ন জায়গায় ধস নেমেছে। বন্ধ একাধিক রাস্তা। ১০ নম্বর জাতীয় সড়কে যান চলাচল ব্যাহত।

এদিকে, রাতভর ভারী বৃষ্টির জেরে দার্জিলিং পাহাড়ের নানা এলাকায় ধস নেমেছে।

জোড়বাংলো থানা এলাকায় পুলুংডং এ আজ সকালে ধ্বংসস্তূপের তলা থেকে এক ব্যক্তির দেহ উদ্ধার করেছে। সুখিয়া ব্লকের বাসিন্দা রঘুবীর রাই নামে ৭৮ বছর বয়সী ঐ ব্যক্তির বাড়িতে গতরাতে ধস নামলে তিনি চাপা পড়েন। খবর পেয়ে গ্রামে যান বিডিও ও পুলিশ আধিকারিকেরা।
